

সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ১৪৭৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫৭. কুরআন সাত হরফে অবতীর্ণ হওয়া সম্পর্কে

باب أَنْزَلَ الْقُرْآنُ عَلَى سَبْعَةِ أَحْرَفٍ

আরবী

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ، حَدَّثَنَا هَمَّامُ بْنُ يَحْيَى، عَنْ قَتَادَةَ، عَنْ يَحْيَى بْنِ يَعْمَرٍ، عَنْ سُلَيْمَانَ بْنِ صُرَدٍ الْخَزَاعِيِّ، عَنْ أَبِي بِنِ كَعْبٍ، قَالَ : قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " يَا أَبُي! إِنِّي أُفْرِئْتُ الْقُرْآنَ فَقِيلَ لِي عَلَى حَرْفٍ أَوْ حَرْفَيْنِ فَقَالَ الْمَلِكُ الَّذِي مَعِيَ قُلْ : عَلَى حَرْفَيْنِ . قُلْتُ : عَلَى حَرْفَيْنِ . فَقِيلَ لِي عَلَى حَرْفَيْنِ أَوْ ثَلَاثَةٍ . فَقَالَ الْمَلِكُ الَّذِي مَعِيَ قُلْ : عَلَى ثَلَاثَةٍ . قُلْتُ عَلَى ثَلَاثَةٍ . حَتَّى بَلَغَ سَبْعَةَ أَحْرَفٍ ثُمَّ قَالَ : لَيْسَ مِنْهَا إِلَّا شَافٍ كَافٍ إِنَّ قُلْتُ : سَمِيعًا عَلِيمًا عَزِيزًا حَكِيمًا مَا لَمْ تَخْتِمِ آيَةَ عَذَابٍ بِرَحْمَةٍ أَوْ آيَةَ رَحْمَةٍ بِعَذَابٍ " .

- صحيح

বাংলা

১৪৭৭। উবাই ইবনু কা'ব (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ হে উবাই! আমাকে কুরআন শিখানো হয়েছে। আমাকে বলা হলো, এক হরফে নাকি দু' হরফে? তখন আমার সঙ্গী ফিরিশতা বললেন, বলুন, দু' হরফে। আমি বললাম, দু' হরফে। অতঃপর আমাকে বলা হলো, দু' হরফে নাকি তিন হরফে? আমার সঙ্গী ফিরিশতা বললেন, বলুন, তিন হরফে। তখন আমি বললামঃ আমি তিন হরফে (রীতিতে) পাঠ করতে চাই। এভাবে পর্যায়ক্রমে সাত হরফে পৌঁছে। অতঃপর ফিরিশতা বললেন, এর যে কোনো রীতিতে পাঠ করা মুখতার নিরাময় এবং সালাতের জন্য যথেষ্ট। অতঃপর বললেন, আপনি সামী'আন, 'আলীমান, 'আযীযান, হাকীমান-এর স্থলে অন্য কোনো সিফাত পরিবর্তন করে পাঠ করলে দোষ নেই, যতক্ষণ পর্যন্ত 'আযাবেবের আয়াতকে রহমত দিয়ে এবং রহমতের আয়াতকে 'আযাবেবের আয়াত দিয়ে পরিবর্তন না করা হয়।[1]

সহীহ।

English

Ubayy b. Ka'b reported:

The Prophet (ﷺ) said: "Ubayy, I was asked to recite the Qur'an and I was asked: 'In one mode or two modes?' The angel that accompanied me said: 'Say, in two modes', I said: 'In two modes', I was asked again: 'In two or three modes'. The matter reached up to seven modes. He then said: 'Each mode is sufficiently health-giving, whether you utter 'all-hearing and all-knowing' or instead 'all-powerful and all-wise'. This is valid until you finish the verse indicating punishment on mercy and finish the verse indicating mercy on punishment."

ফুটনোট

[1] আহমাদ (৫/১২৪)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58795>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন